গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-৩৩.০২.০০০০.৫০১. ৩৭.০০৪.২০-৩৪৪ তারিখঃ ০৫/১০/২০২০ খ্রিঃ

বিষয়ঃ প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে জেলেদের ভিজিএফ (চাল) উপ-বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসক মহোদয়ের স্মারক নং-০৫.৪১.৫৪০০.১০৭.০১.০১১.২০২০-২৬২, তারিখঃ ০৪.১০.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক মাদারীপুর মহোদয়ের স্মারক নং-০৫.৪১.৫৪০০.১০৭.০১.০১১.২০২০-২৬২, তারিখঃ ০৪.১০.২০২০ খ্রিঃ পত্রের প্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে জেলেদের ভিজিএফ (চাল) কর্মসূচীর আওতায় শিবচর উপজেলায় মোট ৩০৮০ জন জেলে পরিবারের জন্য পরিবার প্রতি ২০ (বিশ) কেজি হিসেবে ১৪ অক্টোবর/২০২০ হতে ০৪ নভেম্বর/২০২০ পর্যন্ত ২২ দিনের জন্য মোট ৬১.৬০ মে. টন খাদ্যশস্য চালের বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত ভিজিএফ (চাল) আগামী ১৪/১০/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত পৌরসভা/ইউনিয়নের জেলে পরিবারের মধ্যে সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ ভবন হতে সামাজিক দূরত্ব বজায় রেখে বিতরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মেয়র/চেয়ারম্যান বরাবর উপবরাদ্দ প্রদান করা হলো।

শিবচর উপজেলার পৌরসভা ও বিভিন্ন ইউনিয়নে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে জেলেদের ভিজিএফ (চাল) বিতরণের তারিখ ও স্থান সমূহের নাম নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রমিক নং | পৌরসভা / ইউনিয়নের নাম | বিতরণের তারিখ | হালনাগাদ করণের পর ইলিশ আহরণকারী জেলে পরিবারের সংখ্যা | পরিবার প্রতি ২০ কেজি হারে ১৪ অক্টোবর/২০২০ হতে ০৪ নভেম্বর/২০২০ পর্যন্ত মোট ২২ দিনের জন্য মোট ভিজিএফ (চাল) এর পরিমাণ (মে. টন) | বিতরণের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | শিবচর পৌরসভা | ১১/১০/২০২০ | ১০৬ | ২.১২০ | পৌরসভা ভবন | সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিএফ (চাল) বিতরণ নিশ্চিত করতে হবে। |
| ২. | বন্দরখোলা | ১১/১০/২০২০ | ৪৭২ | ৯.৪৪০ | ইউপি ভবন | |
| ৩. | সন্যাসীরচর | ১১/১০/২০২০ | ১৪৩ | ২.৮৬০ | ঐ | |
| ৪. | চরজানাজত | ১১/১০/২০২০ | ৬৬০ | ১৩.২০০ | ঐ | |
| ৫. | কাঁঠালবাড়ি | ১১/১০/২০২০ | ৩০৫ | ৬.১০০ | ঐ | |
| ৬. | মাদবরেরচর | ১১/১০/২০২০ | ২০০ | ৪.০০০ | ঐ | |
| ৭. | নিলখী | ১২/১০/২০২০ | ৩৯ | ০.৭৮০ | ঐ | |
| ৮. | ভান্ডারীকান্দি | ১২/১০/২০২০ | ১৭২ | ৩.৪৪০ | ঐ | |
| ৯. | বহেরাতলা দক্ষিণ | ১২/১০/২০২০ | ৬৩ | ১.২৬০ | ঐ | |
| ১০. | বহেরাতলাউত্তর | ১২/১০/২০২০ | ৪১ | ০.৮২০ | ঐ | |
| ১১. | বাঁশকান্দি | ১২/১০/২০২০ | ১৯৪ | ৩.৮৮০ | ঐ | |
| ১২. | শিরুয়াইল | ১২/১০/২০২০ | ৩০ | ০.৬০০ | ঐ | |
| ১৩. | দত্তপাড়া | ১২/১০/২০২০ | ৫৭ | ১.১৪০ | ঐ | |
| ১৪. | কাদিরপুর | ১৩/১০/২০২০ | ৫৪ | ১.০৮০ | ঐ | |
| ১৫. | কুতুবপুর | ১৩/১০/২০২০ | ১০০ | ২.০০০ | ঐ | |
| ১৬. | পাচ্চর | ১৩/১০/২০২০ | ১১৭ | ২.৩৪০ | ঐ | |
| ১৭. | শিবচর | ১৩/১০/২০২০ | ৪৪ | ০.৮৮০ | ঐ | |
| ১৮. | দ্বিতীয়খন্ড | ১৩/১০/২০২০ | ১২০ | ২.৪০০ | ঐ | |
| ১৯. | উমেদপুর | ১৩/১০/২০২০ | ১০৬ | ২.১২০ | ঐ | |
| ২০. | ভদ্রাসন | ১৩/১০/২০২০ | ৫৭ | ১.১৪০ | ঐ | |
| | মোট | | ৩০৮০ টি | ৬১.৬০০ | | |

প্রাপক

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবচর, মাদারীপুর।

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-স্মারক নং-৩৩.০২.০০০০.৫০১. ৩৭.০০৪.২০-৩৪৪/১(১০) তারিখঃ ০৫/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১। মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।
২। জেলা প্রশাসক, মাদারীপুর।
৩। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৫। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৬। উপজেলা...............................কর্মকর্তা/ট্যাগঅফিসার, সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা, শিবচর, মাদারীপুর............................... পৌরসভা/ইউনিয়নের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে ইলিশ আহরণে বিরত রাখা জেলে পরিবারের জন্য ভিজিএফ কর্মসূচীর আওতায় অনুমোদিত তালিকা মোতাবেক পরিবার প্রতি ২০ (বিশ) কেজি চাল নির্ধারিত তারিখে ইউপি ভিজিএফ কমিটির উপস্থিতিতে মেয়র/ইউপি চেয়ারম্যান/সদস্যদের সনাক্ত মোতাবেক কার্ড/নতুন তালিকা ভালভাবে পরীক্ষাপূর্বক বরাদ্দকৃত চাল সংযুক্ত তারিখ সমূহে বিতরণ নিশ্চিত করে প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হলো। জেলেদের তালিকায় জাতীয় পরিচয় পত্র নং থাকতে হবে। যার নামে কার্ড রয়েছে তার নিজের উপস্থিতি ছাড়া চাল বিতরণ করা যাবে না।
৭। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর/তার উপযুক্ত প্রতিনিধি বিতরণের দিন আবশ্যিকভাবে উপস্থিত থেকে সঠিক বিতরণ নিশ্চিত করবেন। কোন জটিলতা সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করে তার সমাধান নিশ্চিত করবেন। কোন প্রকৃত জেলে মারা গেলে/অন্যত্র চলে গেলে এবং এ কারণে চাল অবশিষ্ট থাকলে যথাযথ কর্তৃপক্ষের নজরে এনে বিধি মোতাবেক তা সমাধান নিশ্চিত করবেন।
৮। মেয়র/চেয়ারম্যান...............................পৌরসভা/ইউপি (ক) তাকে অনুমোদিত জেলেদের তালিকা মোতাবেক উপকারভোগী জেলে পরিবারের মধ্যে সদস্যদের সনাক্ত মোতাবেক পরিবার প্রতি ২০ (বিশ) কেজি চাল তদারকি কর্মকর্তার উপস্থিতিতে নির্ধারিত তারিখে বিতরণ করার জন্য অনুরোধ করা হলো। কার্ড ভালভাবে পরীক্ষাপূর্বক যার নামে কার্ড রয়েছে তার নিজের উপস্থিতি ছাড়া চাল বিতরণ করা যাবে না। (খ) উক্ত বরাদ্দকৃত চাল উপজেলা খাদ্য গুদাম হতে বিতরণের ০১ (এক) দিন পূর্বে গ্রহন করে বিতরণ নিশ্চিতকরত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর শিবচর এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই তদারককারী কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার উপস্থিতি ছাড়া চাল বিতরণ করা যাবে না। উল্লেখ্য যে, সংযুক্ত তারিখ সমূহে বিতরণ নিশ্চিত করতে হবে। (গ) ভবিষ্যতে নিরীক্ষার জন্য মাস্টাররোল তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। তালিকা ও মাস্টাররোলে জাতীয় পরিচয়পত্র নং থাকতে হবে।
৯। সচিব.................................... পৌরসভা/ইউপি (ক) তাকে অনুমোদিত জেলেদের তালিকা মোতাবেক উপকারভোগী জেলে পরিবারের মধ্যে সদস্যদের সনাক্ত মোতাবেক পরিবার প্রতি ২০ (বিশ) কেজি চাল তদারকি কর্মকর্তার উপস্থিতিতে নির্ধারিত তারিখে বিতরণ করার জন্য অনুরোধ করা হলো। কার্ড ভালভাবে পরীক্ষাপূর্বক যার নামে কার্ড রয়েছে তার নিজের উপস্থিতি ছাড়া চাল বিতরণ করা যাবে না। (খ) উক্ত বরাদ্দকৃত চাল উপজেলা খাদ্য গুদাম হতে বিতরণের ০১ (এক) দিন পূর্বে গ্রহন করে বিতরণ নিশ্চিতকরত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর শিবচর এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই তদারককারী কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার উপস্থিতি ছাড়া চাল বিতরণ করা যাবে না। উল্লেখ্য যে, সংযুক্ত তারিখ সমূহে বিতরণ নিশ্চিত করতে হবে। (গ) ভবিষ্যতে নিরীক্ষার জন্য মাস্টাররোল তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং ১ কপি মাস্টাররোল সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, শিবচর এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তালিকা ও মাস্টাররোলে জাতীয় পরিচয়পত্র নং থাকতে হবে।
১০। অফিস নথি।

০৫/১০/2020

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।